# প্রতিযোগিতা সামযিকী

বর্ষ ৪ । সংখ্যা ১৩ । জুলাই-সেপ্টেম্বর ২০২৩ । ১৭ আষাঢ় ১৪৩০-১৫ আশ্বিন ১৪৩০

Bangladesh Competition Commission
Competition for growth




প্রতিযোগিতায় প্রবৃদ্ধি

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। ভোর ৬.০০ টায় কমিশন কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন করা হয়। সকাল ৯.০০ টায় কমিশন কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নারে কমিশনের চেয়ারপার্সনের নেতৃত্বে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সকাল ১১.০০ টায় বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে টিসিবি মিলনায়তনে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে চেয়ারপার্সনের নেতৃত্বে কমিশনের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে অন্যান্য অতিথিবৃন্দের পাশাপাশি চেয়ারপার্সন সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। আলোচনা শেষে সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা ও ১৫ আগস্টের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।



কমিশন কার্যালয়ে স্থাপিত মুজিব কর্নারে কমিশনের চেয়ারপার্সনের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ।




বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে টিসিবি মিলনায়তনে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিলে অন্যান্য অতিথিগণের সঙ্গে কমিশনের চেয়ারপার্সন।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান এর নেতৃত্বে কমিশনের একটি প্রতিনিধি দল কর্তৃক সিটি সুগার ইন্ডাস্ট্রিজ এর মিল পরিদর্শন

বিগত ০৬ জুলাই ২০২৩ তারিখ কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার গন্ধবপুরস্থ 'সিটি সুগার ইন্ডাস্ট্রিজ লিমিটেড' এর মিল পরিদর্শন করেন। পরিদর্শনকালে কমিশনের সহকারী পরিচালক জনাব মোঃ আদনান আরিফ ও জনাব নূর উদ্দিন যোবায়ের উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান 'সিটি সুগার ইন্ডাস্ট্রিজ লিমিটেড' এর ০২টি গোডাউন এবং চিনি উৎপাদন প্রক্রিয়া ঘুরে দেখেন। এ সময় সিটি গ্রুপের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বাজারে চিনির সরবরাহ স্বাভাবিক রাখতে এবং চিনির বাজারে কোনো প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড দৃষ্টিগোচর হলে তা কমিশনকে জানাতে প্রতিষ্ঠানের কর্মকর্তাগণকে পরিদর্শনকালে অনুরোধ জানানো হয়।





বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান কর্তৃক সিটি সুগার ইন্ডাস্ট্রিজ এর মিল পরিদর্শন।

## ‘রিয়ান (Reean) ইন্টারন্যাশনাল’ নামীয় প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন কারাগারে ‘এপ্রিল-২০২৩ থেকে সেপ্টেম্বর-২০২৩’ সময়ে অস্বাভাবিক কম মূল্যে মশুর ডাল সরবরাহ করা সংক্রান্ত অভিযোগের শুনানি

কারা অধিদপ্তর কর্তৃক অস্বাভাবিক কম দরে মশুর ডাল সরবরাহের কার্যাদেশ প্রদান বিষয়ে স্বত্বাধিকারী, রিয়ান ইন্টারন্যাশনাল গত ২১ মে ২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নির্ধারিত ফরমে অভিযোগ দায়ের করেন। এ বিষয়ে গত ১৪ জুন ২০২৩ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের সমন্বয়ে শুনানি গ্রহণপূর্বক শুনানির আদেশ গত ১৮ জুন ২০২৩ তারিখে কারা অধিদপ্তরকে অবহিত করা হয়। আলোচ্য বিষয়ে ২৫ জুলাই ২০২৩ তারিখে পুনরায় সভা আয়োজন করা হয়। সভায় সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ) জানান যে, অভিযোগে বর্ণিত মেসার্স অজয় ব্রাদার্স এপ্রিল ২০২৩ হতে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত সময়ের জন্য কাশিমপুর কেন্দ্রীয় কারাগার-১,২ কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, কাশিমপুর হাই সিকিউরিটি কেন্দ্রীয় কারাগার ও ঢাকা কেন্দ্রীয় কারাগারে মোটা মশুর ডাল সরবরাহের দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করে সর্বনিম্ন দরদাতা হয়েছেন। প্রতিষ্ঠানটির কাগজপত্র যাচাই-বাছাই করে এবং প্রাক্কলিত দরের চেয়ে কম মূল্যে ডাল সরবরাহের কারণ ব্যাখ্যার জবাবের আলোকে প্রতিষ্ঠানটিকে রেসপনসিভ করা হয়েছে। প্রাক্কলিত দরের চেয়ে কম দর দাখিলের কারণে সংশ্লিষ্ট মূল্যায়ন কমিটি কর্তৃক মেসার্স অজয় ব্রাদার্সকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে মেসার্স অজয় ব্রাদার্স দরপত্রে উল্লিখিত দরে মোটা মশুর ডাল সরবরাহ করতে পারবেন বলে জানিয়েছেন। দরপত্র মূল্যায়ন কমিটি পিপিআর এর বিধান মোতাবেক উল্লেখিত কারাগারসমূহের দরপত্র মূল্যায়ন করেছেন এবং সর্বনিম্ন দরদাতা হিসেবে মেসার্স অজয় ব্রাদার্সকে নির্বাচিত করেছেন বলেও তিনি জানান। পরবর্তীতে ০৯ আগস্ট ২০২৩ তারিখে অনুষ্ঠিত শুনানীতে বিভিন্ন তথ্য উপাত্ত উপস্থাপনের জন্য অভিযুক্ত প্রতিষ্ঠান রিয়ান ইন্টারন্যাশনাল ও মেয়ার্স অজয় ব্রাদার্স কে বলা হয়।

## ‘অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১’ এবং ‘The Control of Essential Commodities Act, 1956’ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজন

‘অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১’ এবং ‘The Control of Essential Commodities Act, 1956’ বিষয়ে ১৩ আগস্ট ২০২৩ তারিখে একই ইন-হাউজ প্রশিক্ষণ কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে কমিশনের চেয়ারপার্সন ‘অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১’ এবং ‘The Control of Essential Commodities Act, 1956’ এর ওপর বক্তব্য উপস্থাপন করেন। প্রশিক্ষণে কমিশনের সদস্যমন্ডলী এবং সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। অত্যাবশ্যকীয় পণ্য, পণ্যের সরবরাহ ব্যবস্থা, সাপ্লাই অর্ডার, জাতীয় কমিটি ও কমিটির কার্যক্রম, বাজার মনিটরিং সেলের কার্যক্রম ও দায়িত্ব ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়।





‘অত্যাবশ্যকীয় পণ্য বিপণন ও পরিবেশক নিয়োগ আদেশ, ২০১১’ এবং ‘The Control of Essential Commodities Act, 1956’ বিষয়ে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণে বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন।

## ‘প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন’ বিষয়ক অংশীজনের অংশগ্রহণে নাটোর জেলায় মতবিনিময় সভা

জেলা প্রশাসন, নাটোর এর উদ্যোগে ১৭ আগস্ট ২০২৩ তারিখ ‘প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন’ বিষয়ক অংশীজনের অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভা” জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জনাব আবু নাছের ভূঁঞা, জেলা প্রশাসক, নাটোর এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের সদস্য (বাজার অর্থনীতি ও গবেষণা) জনাব সালমা আখতার জাহান। উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন জনাব মোঃ মাছুদুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জনাব মাহমুদা শারমীন নেলী, অতিরিক্ত পুলিশ সুপার, নাটোর চেম্বার অব কমার্স এর প্রতিনিধি, নাটোর মহিলা চেম্বার অব কমার্স প্রতিনিধি, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মতবিনিময় সভায় প্রধান অতিথি প্রতিযোগিতা আইন, ২০১২ এর বিভিন্ন ধারা, কমিশনের, দায়িত্ব, ক্ষমতা এবং  কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে অবহিত করে জানান যে, বাংলাদেশের অব্যাহত উন্নয়ন অগ্রযাত্রায় বর্তমান সরকারের ব্যবসাবান্ধব যুগোপযোগী নীতি কৌশল অনন্য ভূমিকা পালন করছে। তিনি ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতার সংস্কৃতি গড়ে তুলতে বিভাগীয় ও জেলা পর্যায়ে সেমিনার, সভা ও কর্মশালা আয়োজন, Competition Compliance Program (CCP) চালু, ৬৩টি পণ্য ও সেবার উপর সমীক্ষা কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন কার্যক্রম উক্ত সভায় তুলে ধরেন।







‘প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন’ বিষয়ক অংশীজনের অংশগ্রহণে আয়োজিত মতবিনিময় সভায় কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান।

## বোতলজাত খাবার পানির বাজার পরিস্থিতি পর্যবেক্ষণে বাজার মনিটরিং সেল কর্তৃক ঢাকাস্থ শান্তিনগর বাজার পরিদর্শন

বিগত ২০ আগস্ট ২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল ঢাকাস্থ শান্তিনগর বাজার পরিদর্শন করেন। পরিদর্শনকালে দেখা যায় বাজারে বোতলজাত খাবার পানির মূল্য বৃদ্ধি পেয়েছে। বাজারে বিদ্যমান কিনলে, অ্যাকোয়াফিনা, মাম, ফ্রেশ, পুষ্টি, জীবন ব্র্যান্ডসমূহের ৫০০ মি.লি. বোতলজাত পানির সর্বোচ্চ খুচরা মূল্য  (এম. আর.পি) দেখা যায় ২০ টাকা যার পূর্ব মূল্য ছিল ১৫ টাকা। প্রতি ৫০০ মি.লি বোতলজাত খাবার পানির পাইকারি মূল্য ১১-১২ টাকা । অর্থাৎ খুচরা পর্যায়ে বোতল প্রতি মূল্য প্রায় ৮-৯ টাকা বেশি,  যা স্বাভাবিকের তুলনায় বেশি মর্মে বাজার মনিটরিং সেলের নিকট প্রতীয়মান হয়।

## স্যালাইনের উৎপাদন, চাহিদা ও সাপ্লাই চেইন বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় সভা আয়োজন

ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের মূল্য বৃদ্ধির বিষয়ে গত ৩১ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সাম্প্রতিক সময়ে বাজারে স্যালাইনের মূল্য বৃদ্ধি, চাহিদার তুলনায় বাজারে স্যালাইনের ঘাটতি, সরকারি হাসপাতালগুলোর দৈনিক স্যালাইনের চাহিদা ও তার বিপরীতে সরবরাহ ইত্যাদি বিষয়ে স্যালাইন উৎপাদনকারী ০৭টি প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় করে সুপারিশমালা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এর ধারাবাহিকতাক্রমে ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে কমিশনের চেয়ারপার্সনের সভাপতিত্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডার যেমন: স্যালাইন উৎপাদনকারী ০৬টি প্রতিষ্ঠান, বাংলাদেশ পুলিশের বিশেষ শাখা, এসেনসিয়াল ড্রাগস্ কোম্পানী লিমিটেড, ঔষধ প্রশাসন অধিদপ্তর এর সম্মানিত প্রতিনিধিবৃন্দের সাথে মতবিনিময় সভা করা হয়।

ডেঙ্গু পরিস্থিতির কারণে কৃত্রিম সংকট তৈরি করে কেউ যাতে স্যালাইনের বাজারে সংকট তৈরি করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকার জন্য কমিশনের চেয়ারপার্সন সকলের দৃষ্টি আকর্ষণ করেন। ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, অগ্নি দুর্ঘটনার কারণে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেডের স্যালাইন প্ল্যান্ট বন্ধ আছে। স্যালাইন উৎপাদনকারী অন্যান্য প্রতিষ্ঠানসমূহে দৈনিক তিন শিফটে স্যালাইন উৎপাদন করা হচ্ছে যার মোট পরিমাণ এক লক্ষ নব্বই হাজার ব্যাগ। তিন লক্ষ ব্যাগ স্যালাইন আমদানির সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং তা শীঘ্রই দেশে এসে পৌঁছবে। সভায় আলোচনাকালে জানা যায় যে, রাজধানীতে চাহিদার বিপরীতে ৫০% স্যালাইন সরবরাহ করা হচ্ছে। তবে রাজধানীর বাইরে চাহিদার তুলনায় সরবরাহের পরিমাণ আরো কম। সভায় এ মর্মে আলোচনা হয় যে, চাহিদা ও উৎপাদনের পরিমাণ এবং সরবরাহের পরিমাণের পরিসংখ্যান বিশ্লেষণ করলে স্যালাইন সরবরাহ প্রক্রিয়ায় অসাধু তৎপরতার প্রয়াস সম্পর্কে প্রাথমিক ধারণা পাওয়া যায়। এ বিষয়ে তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা প্রদান করার জন্য চেয়ারপার্সন সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। এছাড়া সভায় স্বাস্থ্য সেবা বিভাগের ২৪ জুলাই ২০২৩ তারিখের 'ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের মূল্য বৃদ্ধি' সংক্রান্ত এবং ০৯ মে ২০২৩ তারিখের 'ঔষধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের অত্যাধিক মূল্য বৃদ্ধিতে জনজীবনে দুর্ভোগ' সংক্রান্ত বিশেষ প্রতিবেদন এর বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের সম্মানিত প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করা হয়।






স্যালাইনের উৎপাদন, চাহিদা ও সাপ্লাই চেইন বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে আয়োজিত মতবিনিময় সভা

## প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক কোমল পানীয়'র বাজার পরিদর্শন

বিভিন্ন ব্র্যান্ডের কোমল পানীয়'র মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে মর্মে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত তথ্যের বিষয়ে সরেজমিনে তথ্য-উপাত্ত সংগ্রহ ও প্রাথমিক ধারণা লাভের উদ্দেশ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে রাজধানীর কারওয়ান বাজার এবং শান্তিনগর বাজার আকস্মিকভাবে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে কোকাকোলা, সেভেন আপ, পেপসি, মিরিন্ডা, আরসি, ফান্টা, মোজো, স্প্রাইট, স্পিড, টাইগারসহ বিভিন্ন ব্র্যান্ডের কোমল পানীয়'র সর্বোচ্চ খুচরা মূল্য অযৌক্তিকভাবে বৃদ্ধি করার তৎপরতা গোচরীভূত হয়েছে, যেমন: ২৫০ এমএল কোকাকোলা, সেভেন আপ, স্প্রাইট, মিরিন্ডা, পেপসিসহ প্রায় সকল কোমল পানীয়'র সর্বোচ্চ খুচরা মূল্য ইউনিট প্রতি ৫ - ১০ টাকা করে বৃদ্ধি পেয়েছে। প্রায় ১-২

মাস পূর্বেও কোকাকোলা, সেভেন আপ, পেপসি, মিরিন্ডা ব্র্যান্ডের ২৫০ এমএল বোতলের মূল্য ছিল ২৫ টাকা যার বর্তমান মূল্য ৩০ টাকা। আবার আরসি, মোজো ব্র্যান্ডের ২৫০ মিলি বোতলের মূল্য ছিল ২০ টাকা যার বর্তমান মূল্য ২৫ টাকা। সরেজমিনে বাজার পরিদর্শনকালে আরো লক্ষ্য করা গেছে যে, উল্লিখিত ব্র্যান্ডের সকল কোমল পানীয়'র মূল্য অল্প সময়ের ব্যবধানে ধাপে ধাপে বৃদ্ধি করা হয়েছে, যেমন: ১.২৫ লিটার কোকাকোলার মূল্য ২ মাসের ব্যবধানে ৬০ টাকা হতে পর্যায়ক্রমে ৭৫ টাকা, ৮৫ টাকা এবং বর্তমানে ১০০ টাকা মূল্যে খুচরা পর্যায়ে বিক্রয় হচ্ছে। একই চিত্র সেভেন আপসহ অন্যান্য ব্র্যান্ডের ক্ষেত্রেও পরিলক্ষিত হয়েছে।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ সহযোগিতায় স্টেকহোল্ডার কনসালটেশন আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ সহযোগিতায় ১৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় কমিশনের সভাকক্ষে স্টেকহোল্ডার কনসালটেশন সভা অনুষ্ঠিত হয়। উক্ত স্টেকহোল্ডার কনসালটেশনে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এবং অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের ০৫ (পাঁচ) জন কর্মকর্তা এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন, ২ জন সদস্য ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ থেকে কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান কমিশনের কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। উপস্থাপনার পরবর্তী পর্যায়ে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পক্ষে জনাব তাহমিনা বেগম, সহকারী পরিচালক অধিদপ্তরের কার্যক্রমের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন। অতঃপর বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন প্রতিযোগিতা আইন এবং কমিশন সম্পর্কে সচেতনতা বাড়ানোর লক্ষ্যে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সেগুলোর বিবরণ তুলে ধরেন। এগুলো এখন ফলোআপ করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ. এইচ. এম. সফিকুজ্জামান সভায় সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক ভোক্তার স্বার্থ সংরক্ষণ, বাজার মনিটরিং, জনসচেতনতা বৃদ্ধি করা, প্রচার/প্রচারাভিযান ইত্যাদি বিষয়ে বিশদ বক্তব্য উপস্থাপন করেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষে চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী সংক্ষিপ্ত বক্তব্য পেশ করেন।







বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ সহযোগিতায় আয়োজিত স্টেকহোল্ডার কনসালটেশন

## আলুর বাজার পরিস্থিতি সরেজমিন পর্যবেক্ষণের লক্ষ্যে বগুড়া, রংপুর ও নীলফামারী জেলার বিভিন্ন হিমাগার পরিদর্শন

আলু উৎপাদনে দেশের উত্তরবঙ্গের জেলাগুলো বিশেষ করে বগুড়া, রংপুর ও নীলফামারী অন্যতম বৃহত্তম জেলা। সাম্প্রতিক সময়ে আলুর বাজারে খুচরা মূল্য নিয়ে অস্থিরতা দেখা দেওয়ায় বগুড়া, রংপুর ও নীলফামারী জেলায় আলুর বাজার পরিস্থিতি সরেজমিন পর্যবেক্ষণ করার জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সহকারী পরিচালক জনাব নূর উদ্দিন যোবায়েরকে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত কর্মকর্তা গত ১৯ সেপ্টেম্বর ২০২৩ হতে ২১ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন কাশিপুর এলাকার আর এন্ড আর পটেটো কোল্ড স্টোরেজ (প্রাঃ) লিমিটেড, রংপুর জেলার সদর উপজেলাধীন উত্তম হাজীরহাট এলাকার

আরমান কোল্ড স্টোরেজ এবং নীলফামারী জেলার সদর উপজেলাধীন চাঁদেরহাট এলাকার অঙ্কুর সিড এন্ড হিমাগার লিঃ সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে আলুর মজুদ, সরবরাহ ও বাজার পরিস্থিতি, সরকার নির্ধারিত মূল্যে খুচরা বাজারে আলু বিক্রয় হচ্ছে কিনা তা মনিটরিং করা হয়।

## আলুর বাজার পরিস্থিতি সরেজমিন পর্যবেক্ষণের লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন হিমাগার পরিদর্শন

মুন্সীগঞ্জ জেলা আলু উৎপাদনের ক্ষেত্রে দেশের তৃতীয় বৃহত্তম জেলা। সাম্প্রতিক সময়ে আলুর বাজারে খুচরা মূল্য নিয়ে অস্থিরতা দেখা দেওয়ায় মুন্সীগঞ্জ জেলায় আলুর বাজার পরিস্থিতি সরেজমিন পর্যবেক্ষণ করার জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সহকারী পরিচালক জনাব মোঃ নাজমুল হোসেন ও জনাব মোঃ শেখ তানভীর জামান সমন্বয়ে টিম গঠন করা হয়। উক্ত টিম গত ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মুন্সীগঞ্জ সদর উপজেলার পঞ্চসার ইউনিয়নের নিপ্পন আইস এ্যান্ড লিমিটেডসহ সদর উপজেলার বিভিন্ন খুচরা বাজার এবং জেলা প্রশাসনের ট্রাকসেল কার্যক্রম সরেজমিন পরিদর্শন করে। এসময় জেলা প্রশাসন, মুন্সীগঞ্জের পক্ষে সিনিয়র সহকারী কমিশনার জনাব উজ্জ্বল কুমার হালদার, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব আব্দুস সালাম এবং কৃষি বিপণন কর্মকর্তা এ.বি .এম. মিজানুল হক উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে আলুর মজুদ, সরবরাহ ও বাজার পরিস্থিতি, সরকার নির্ধারিত মূল্যে খুচরা বাজারে আলু বিক্রয় হচ্ছে কিনা তা মনিটরিং করা হয়।




আলুর বাজার পরিস্থিতি সরেজমিন পর্যবেক্ষণের লক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন হিমাগার পরিদর্শন

## মশুরসহ অন্যান্য ডালের মূল্য বৃদ্ধির বিষয়ে প্রাপ্ত অভিযোগ সরেজমিন যাচাইয়ের লক্ষ্যে ঢাকার মৌলভীবাজারের ডালের পাইকারী বাজার পরিদর্শন

মশুরসহ অন্যান্য ডালের মূল্য অনেক বৃদ্ধি পেয়েছে মর্মে কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে ২০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে লিখিতভাবে অবহিত করে এবং উক্ত অযৌক্তিক দাম নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানায়। তদপ্রেক্ষিতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সহকারী পরিচালক জনাব মোঃ শেখ তানভীর জামান ও জনাব নূর উদ্দিন যোবায়ের এর সমন্বয়ে অনুসন্ধান দল গঠন করা হয় এবং উক্ত দল গত ২৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ঢাকার মৌলভীবাজারের ডালের পাইকারী বাজার সরেজমিন পরিদর্শন করেন। সরেজমিন পরিদর্শনকালে অনুসন্ধান দল মৌলভীবাজারের বিভিন্ন আমদানিকারক, পাইকারী দোকান এবং খুচরা দোকান পরিদর্শন করে বিভিন্ন প্রকার ডালের আমদানি মূল্য, পাইকারী ও খুচরা বাজারদর এবং সরবরাহ ব্যবস্থা পর্যবেক্ষণ করেন। এছাড়াও পরিদর্শনকালে অনুসন্ধান দল বাজারের বিভিন্ন পাইকারী ও খুচরা ব্যবসায়ী এবং বাংলাদেশ ডাল ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দের সাথে ডালের বাজার পরিস্থিতি, বাজারে ডালের সরবরাহ ও মূল্যবৃদ্ধির কারণ অনুসন্ধানে মতবিনিময় করে। এছাড়াও, মৌলভীবাজারের পাইকারী ব্যবসা প্রতিষ্ঠান মেসার্স আজাদ ট্রেডার্স, মেসার্স আর পি ট্রেডার্স, মেসার্স পাবনা ট্রেডিং, মেসার্স রাজ্জাক বিতান, মেসার্স সুমন ডাল মিলস এর ব্যবসায়ীগণের সাথে অনুসন্ধান দল মতবিনিময় করেন এবং বিভিন্ন প্রকার ডালের পাইকারী মূল্য যাচাই-বাছাই করেন। অনুসন্ধানে লক্ষ্য করা গেছে যে, বাজারে বিভিন্ন প্রকার ডালের সরবরাহ পর্যাপ্ত রয়েছে। পাইকারী পর্যায়ে প্রতি কেজি ডালের মূল্য বৃদ্ধি পেয়েছে সর্বোচ্চ ২ টাকা। তবে খুচরা পর্যায়ে প্রতি কেজি ডালের মূল্য বৃদ্ধি পেয়েছে ১০-২০ টাকা। এ প্রেক্ষিতে চট্টগ্রামের খাতুনগঞ্জসহ অন্যান্য বাজারের পরিস্থিতি ও সরবরাহ ব্যবস্থা যাচাই-বাছাই করা প্রয়োজন মর্মে অনুসন্ধান দল সুপারিশ প্রদান করে।

# স্থিরচিত্রে কমিশনের কার্যক্রম


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল

Competition for growth
Bangladesh Competition Commission

**প্রকাশনায়ঃ**
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
**৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০**
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল: জুন, ২০২৩

**উপদেষ্টা পরিষদ**

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন ও সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**সওদাগর মুস্তাফিজুর রহমান**
সদস্য

**সম্পাদনা পরিষদ**

**মোঃ হাফিজুর রহমান**
সদস্য ও আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক